

QP Code : 18UT17EBG6

স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা
ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮
ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

ষষ্ঠ পত্র

Natak O Moncho Ebong Sahityer Rupabhed : EBG-6

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর
কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ২ = ৪০

- (ক) ‘নীলদর্পণ’ ট্রাজেডি হিসেবে সফল কিনা তা বিচার করুন।
- (খ) ‘রথের রশি’ নাটকটিকে একটি উদ্দেশ্যমূলক রচনা বলা উচিত হবে কি ? উপযুক্ত যুক্তিসহ উত্তর দিন।
- (গ) ‘নবান্ন’ নাটকটি কী অর্থে একটি প্রতিরোধের নাটক বুলিয়ে দিন।
- (ঘ) অ্যারিস্টটলের ভাবনা অনুযায়ী ট্রাজেডির ছটি অঙ্গের সংক্ষিপ্ত পরিচয় দিন।

B.A.-11463-W

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

QP Code : 18UT17EBG6 2

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

- (ক) রূপকেন্দ্রিক গীতিকবিতার বিভিন্ন ধারার সংক্ষিপ্ত পরিচয় দিন।
- (খ) বাংলা নাট্যচর্চায় লেবেদেফের ভূমিকার একটি মূল্যায়ন করুন।
- (গ) আত্মজৈবনিক উপন্যাস কি একটি স্বতন্ত্র বর্গ হিসেবে বিবেচিত হতে পারে ? কয়েকটি বাংলা উপন্যাসের সূত্রে এই ‘বর্গ’টির বিষয়ে আলোকপাত করুন।
- (ঘ) ‘নীলদর্পণ’ নাটকে একের পর এক মৃত্যুদৃশ্য নাটকটির মূল অভিঘাত ব্যাহত করেছে — আপনি কি এই মন্তব্য মেনে নেবেন ? যুক্তিসহ উত্তর দিন।
- (ঙ) ‘রথের রশি’ নাটকে কবি-চরিত্রের গুরুত্ব কী সংক্ষেপে বুলিয়ে দিন।
- (চ) ‘নবান্ন’ নাটকে ‘নায়ক’ আদৌ গুরুত্বপূর্ণ নয় — নাটক সর্বদা নায়ক-নির্ভর না হলেও চলে। — নবান্ন বিষয়ে এই সিদ্ধান্ত কি যুক্তিযুক্ত ? নিজের অভিমত স্পষ্ট করে লিখুন।

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) :

৬ × ৪ = ২৪

- (ক) “ঐ তো রথের দড়ি, যত চলে না ততই জড়ায়।
যখন চলে, দেয় মুক্তি।”
— কে বক্তা ? পরিস্থিতি এবং কথাটির তাৎপর্য
পরিষ্কৃত করুন।

১ + ১ + ২

B.A.-11463-W

3 QP Code : 18UT17EBG6

- (খ) “আমার অন্তর জ্বলে গেছে রে কুঞ্জ, আমার অন্তর —’
বক্তা কে ? কুঞ্জকে একথা বলার কারণ কী বুঝিয়ে
দিন। ১ + ৩
- (গ) “আহা জমি তো না, য্যান সোনার চাঁপা।’ — বক্তা
কে ? প্রসঙ্গটি কী ? এহেন উপমান বক্তার কোন্
মনোভাব প্রকাশ করে বুঝিয়ে দিন। ১ + ১ + ২
- (ঘ) বাংলা নাটক ও রঙ্গমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া
নাট্যশালার ভূমিকা সংক্ষেপে বুঝিয়ে দিন। ৪
- (ঙ) দু-একটি উদাহরণ দিয়ে সংকেতিক নাটকের সংক্ষিপ্ত
পরিচয় দিন। ৪
- (চ) অতিপ্রাকৃত গল্পরচনায় ত্রৈলোক্যনাথের মূল
প্রবণতাগুলি চিহ্নিত করুন। ৪
- (ছ) রমেশচন্দ্র দত্তের লেখা ঐতিহাসিক উপন্যাসগুলির নাম
লিখুন। এই ধারায় রমেশচন্দ্রের গুরুত্ব কোথায় ?
১ + ৩
- (জ) উনিশ শতকে লেখা কয়েকটি পৌরাণিক নাটকের নাম
উল্লেখ করে এই ধারার পুষ্টিতে গিরিশচন্দ্রের ভূমিকা
কী ছিল সংক্ষেপে লিখুন। ১ + ৩
-
-